দৈনিক বাংলা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ করতে যোগাযোগ নং-৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

# EI YUG

কবিতা / গল্প

নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746 PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 22 SEPTEMBER 2025 ,MONDAY | ২২ সেপ্টেম্বর ২০২৫ ,সোমবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-401

## আলিপুরদুয়ারে ভার্চুয়ালি পূজার উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত জেলা শাসক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ সেপ্টেম্বর : আলিপুরদুয়ার নিউ টাউন দুর্গা বাড়ি মন্দির সমিতির দুর্গাপূজার ভার্চুয়ালি উদ্বোধন করলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় রবিবার সন্ধ্যা ছয়টা নাগাদ। আলিপুরদুয়ার জেলা শহরের নিউ টাউন দুর্গা বাড়ি মন্দির সমিতির দুর্গা পূজার ভার্চুয়ালি উদ্বোধন অনুষ্ঠানে মন্দিরে উপস্থিত ছিলেন আলিপুরদুয়ারের জেলা শাসক আর বিমলা, পুলিশ সুপার ওয়াই রঘুবংশী, পৌরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর, মৃদুল গোস্বামী, ডিপিএসসি চেয়ারম্যান পরিতোষ বর্মন, বিধায়ক সুমন কাঞ্জিলাল সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ। এদিন দুর্গাপূজার ভার্চুয়ালি উদ্বোধন উপলক্ষে সকাল থেকেই পুজো মণ্ডপ সেজে উঠেছিল। এক ঝাঁক প্রশাসনিক কর্তা সহ রাজনৈতিক নেতাদের উপস্থিতিতে মুখ্যমন্ত্রী পূজার ভার্চুয়ালি উদ্বোধন করেন। এদিন এই ভার্চুয়ালি উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কমিটির কর্মকর্তা থেকে শুরু করে সদস্যরা।

## রাষ্ট্রীয় স্বয়ং সেবক সংঘের শততম প্রতিষ্ঠা দিবস উদযাপন হলো আলিপুরদুয়ার জেলায়



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২১ সেপ্টেম্বর : রাষ্ট্রীয় স্বয়ং সেবক সংঘের শততম প্রতিষ্ঠা দিবস উদযাপন হলো আলিপুরদুয়ার শহরে, ফালাকাটায়, কালচিনি ও কুমারগ্রামের বারোবিশায়। এদিন সংঘের সদস্যরা সমবেত হয়ে প্রার্থনা সঙ্গীত গেয়ে এদিনের কর্মসুচি শুরু করেন। সমবেত কুচকাওয়াজ এর পর জেলার সদর আলিপুরদুয়ার, ফালাকাটা, কালচিনি ও বারোবিশায় ব্যান্ড বাজিয়ে শোভাযাত্রা করেন। কর্মসূচিতে উপস্থিত ছিলেন সংঘের স্থানীয় নেতৃত্ব ও সঞ্চালক গন। তারা জানান রাজ্যজুড়ে এই কর্মসূচি মোট তিনশটি স্থানে আয়োজিত হচ্ছে। উত্তরবঙ্গে একশোটি স্থানে এই কর্মসূচি পালন করা হচ্ছে। বছরভর রাজ্য জুড়ে নানা কর্মসূচি পালন করা হবে সংঘের শতবর্ষ পূর্তি উপলক্ষ্যে। মহালয়ার পুণ্য দিনে তার সূচনা করা হলো।

## উদ্ধার দুটি আগ্নেয়াস্ত্র সহ চার রাউন্ড গুলি, গ্রেপ্তার এক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মুর্শিদাবাদ, ২১ সেপ্টেম্বর : মুর্শিদাবাদ জেলা পুলিশের ডোমকল থানার পুলিশ গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে রবিবার দুপুরে থানা এলাকায় অভিযান চালিয়ে এক ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় দুটি আগ্নেয়াস্ত্র সহ চার রাউন্ড গুলি। উদ্ধার করা সামগ্রী বাজেয়াপ্ত করে আটক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়। ধৃতের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে ধৃতকে আদালতে পেশ করা হয়েছে। পুলিশ ঘটনায় জড়িত অন্যান্য অভিযুক্তদের খোঁজে তল্লাশী শুরু করেছে।

## যশোডাঙ্গার পর এবার সরকারি গাছ বিক্রি কামাখ্যাগুড়ি এলাকায়



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ সেপ্টেম্বর : আলিপুরদুয়ার ২ ব্লকের যশোডাঙ্গা ব্লক অফিস থেকে সরকারি গাছ কেটে বিক্রির গন্ধ এখনো যায়নি । এরই মধ্যে কামাখ্যাগুড়ি এলাকায় সরকারি জায়গা থেকে গাছ বিক্রির অভিযোগে উত্তেজনা ছড়িয়েছে রবিবার। কাটা গাছ বাজেয়াপ্ত করেছে বনদপ্তরের আধিকারিকরা। গাছ বিক্রি করে কাটগড়ায় দাঁড়িয়েছে তৃণমূল পরিচালিত গ্রাম পঞ্চায়েত দপ্তর। সরকারি জমিতে বড় প্রাচীন গাছ বিক্রি করল তৃণমূল পরিচালিত গ্রাম পঞ্চায়েত । খবর পেয়ে কিছুক্ষণ মধ্যেই গাছ বাজেয়াপ্ত করল বনদপ্তরের কামাখ্যাগুড়ি মোবাইল রেঞ্জ । তৃণমূল পরিচালিত আলিপুরদুয়ার জেলার কামাখ্যাগুড়ি ২নং গ্রাম পঞ্চায়েতের অধীন এক সরকারি জমিতে দীর্ঘ কয়েক বছরের পুরোনো শিশু গাছ কেটে পনেরো হাজার টাকার বিনিময়ে বিক্রি করে গ্রাম পঞ্চায়েত কর্তৃপক্ষ । যদিও বিষয়টি নিয়ে অবৈধভাবে গাছ কাটা হয়েছে দাবী করেন বিজেপি নেতৃত্ব । পাল্টা বিষয়টি নিয়ে উপপ্রধান দাবী করেন প্রাচীন গাছ গ্রাম পঞ্চায়েত মিটিং করে মানুষের সুবিধার্থে কাটা হয়েছে । রবিবার সকালেই মধ্য কামাখ্যাগুড়ি এলাকায় খাস জমি থেকে গাছ গুলি কাটা হয় এবং তড়িঘড়ি গাছগুলি পাশ্ববর্তী কাঠ মিলে নিয়ে যাওয়া হয়। মিল মালিক কর্তৃপক্ষ কাটতে চান না বৈধ কাগজ না থাকায় ।পরবর্তীতে কাঠগুলি বাঁশ ঝোপে লুকিয়ে রাখা হয় । খবর পেয়ে বিজেপি নেতৃত্ব ঘটনাস্থলে পৌঁছোয় এবং বনদপ্তরও পৌঁছায়। বাজেয়াপ্ত করে কাঠ গুলি ঘটনায় কাউকে গ্রেপ্তার করেনি বনদপ্তর তবে ঘটনাস্থলে যে ব্যক্তি নিয়ে যান তাঁকেও পাওয়া যায় নি । বিষয়টি নিয়ে প্রশ্ন উঠেছে কি করে সরকারি জমিতে গাছ কেটে গ্রাম পঞ্চায়েত কর্তৃপক্ষ তা বিনা অনুমতি বনদপ্তরের প্রশ্ন উঠেছে । সম্প্রতি আলিপুরদুয়ার জেলার আলিপুরদুয়ার ২নং ব্লক অফিসের ক্যাম্পাস থেকে গাছ কেটে ফেলা হয়েছিল বিতর্কে জড়িয়েছিল ব্লক প্রশাসন । বিক্রি করা গাছ বাজেয়াপ্ত করেছিল বনদপ্তর। ফের একই জেলার কুমারগ্রাম ব্লকের কামাখ্যাগুড়ি ২নং গ্রাম পঞ্চায়েত গাছ কেটে বিক্রি করে বিতর্কে জড়াল।

# বাড়িতে ঢুকে কিশোরীর শ্লীলতাহানির অভিযোগ, পলাতক অভিযুক্ত




সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২১ সেপ্টেম্বর : বাড়ীতে ঢুকে ষোলো বছর বয়সী এক কিশোরীর শ্লীলতাহানি করেছে এক যুবক এই ঘটনায় ব্যপক চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। জানা গেছে কিশোরীর মা ও বাবা এলাকায় একটি পানের দোকান চালান। কিশোরীর মা শামুকতলা থানায় শনিবার অভিযোগ দায়ের করে জানান ঘটনাটি ঘটে সতেরোই সেপ্টেম্বর সন্ধ্যা আনুমানিক সাড়ে সাতটা নাগাদ। তখন তারা দোকানে ছিলেন। অভিযুক্ত তাদের প্রতিবেশী যুবক দীপঙ্কর দাস পিতা মৃত নৃপেন্দ্র দাস দুজনকেই সেদিন সন্ধ্যায় দোকানে দেখে বুঝতে পারে কিশোরী বাড়িতে একা আছে। সেই সুযোগে যুবক তাদের বাড়িতে প্রবেশ করে ও কিশোরীকে জাপটে ধরে শ্লীলতাহানি করে। কিশোরী ভয়ে চীৎকার করতে চাইলে তার মুখ চাপা দেয় অভিযুক্ত। এরপর কিশোরীকে হুমকি দেয় বিষয়টি কাউকে জানালে তাকে প্রানে মেরে ফেলা হবে ও বাড়ি ছেড়ে চলে যায়। ভয়ে কিশোরী বাড়িতে কথা বলা বন্ধ করে বিমর্ষ হয়ে থাকে। তার মা বুঝতে পারেন কিছু একটা ঘটেছে। কিশোরীকে জেরা করেতে করতে অবশেষে কিশোরী শুক্রবার বিকালে সমস্ত ঘটনা তার মাকে জানায়। মা সব শুনে শনিবার দুপুর নাগাদ শামুকতলা থানায় অভিযোগ দায়ের করেন। থানা সূত্রে জানানো হয়েছে তারা অভিযোগ পেয়ে একটি মামলা রুজু করেছেন। Case No 249/2025 of 20/09/2025, GDE No 663 Under section 8 of POCSO ACT. পুলিশ সুত্রে জানা গেছে ঘটনার তদন্ত চলছে, অভিযুক্ত পলাতক, তাকে গ্রেপ্তার করতে তল্লাশী জারী আছে।

# একশ আটান্নব্বইটি হারিয়ে যাওয়া মোবাইল ফোন উদ্ধার করে প্রকৃত মালিকদের হাতে তুলে দিলো পুলিশ



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২১ সেপ্টেম্বর : মহালয়ার পুণ্য দিনে আলিপুরদুয়ার জেলা পুলিশের সব কটি থানায় আয়োজিত হলো ফিরে পাওয়া কর্মসূচি। এই কর্মসূচি অনুসারে হারিয়ে যাওয়া একশো আটান্নব্বইটি মোবাইল ফোন উদ্ধারের পর প্রকৃত মালিকদের ফিরিয়ে দেওয়া হয়। পুলিশ সূত্রে জানানো হয় মোবাইল ফোনের মালিকদের অভিযোগের ভিত্তিতে থানা গুলির পক্ষ থেকে তদন্ত শুরু করে মোবাইল ফোন গুলি উদ্ধার করা হয়। তারপর বিভিন্ন প্রক্রিয়ার মাধ্যমে সেগুলির প্রকৃত মালিকদের শনাক্ত করা হয়।মহালয়ার দিন থানাগুলিতে তাদের ডেকে পাঠিয়ে তাদের হাতে মোবাইল ফোন গুলি তুলে দেওয়া হয়। হারানো মোবাইল ফোন ফেরত পেয়ে মালিকদের চোখে মুখে ছিলো খুশীর রেশ। তারা পুলিশের এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন।

# মহালয়ার বিকেলে বোনাস পেলেন শ্রীনাথপুর চা বাগানের শ্রমিকরা



মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার ,২১ সেপ্টেম্বর : পিতৃপক্ষের অবসান শেষ হওয়ার পরেই মাতৃপক্ষের শুরু হয়েছে আর ঠিক তখনই শ্রীনাথপুর চা বাগানের শ্রমিকরা হাতে পেলেন বোনাসের টাকা এমনটাই জানিয়েছেন শামুকতলা রোড ফাঁড়ির ওসি। রাত পর্যন্ত চলছে চা বাগানের শ্রমিকদের বোনাস প্রদান। তবে কুড়ি শতাংশ বোনাস দেওয়ার কথা ছিল সেখানে আলোচনার ভিত্তিতে ১৫ শতাংশ বোনাস দেওয়া হচ্ছে বাকি পাঁচ শতাংশ বোনাস হোলির সময় দেয়া হবে জানিয়েছে বাগান কর্তৃপক্ষ । উল্লেখ্য সরকারই ভাবে কুড়ি শতাংশ বোনাস দেওয়ার কথা ছিল পনেরই সেপ্টেম্বর এর মধ্যে। কিন্তু এখনো পর্যন্ত অনেক বাগানে বোনাস প্রদান হয়নি মহালয়ার দিনেও।





GRAPHIC DESIGN WORK

* NEWSPAPER
* MAGAZINE
* ALL PAGE
* BOOK
* VISITING CARD
* INVITE CARD
* CARD
* FLEX
* POSTER
* CARTOON
* LOGO

For Work

PUBLISHING WORK

NEWSPAPER * MAGAZINE * BOOK

CONTACT NO: 9836753622

Email: eiyugnewspaperpublishinghouse@gmail.com

# বাড়ির ভেতরে তৈরি বাংকার থেকে উদ্ধার গাঁজা সহ নিষিদ্ধ কফ সিরাপ, গ্রেপ্তার এক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার, ২১ সেপ্টেম্বর : কোচবিহার জেলা পুলিশের শীতলকুচি থানার পুলিশ গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে শনিবার রাতে থানা এলাকার গোলেনাওহাটি অঞ্চলের ঠাকুরপাড়া এলাকার একটি বাড়িতে অভিযান চালায়। অভিযানে বাড়ির ভেতরে তৈরি বাংকার থেকে উদ্ধার হয় দু হাজার দুশো বিয়াল্লিশ শিশি নিষিদ্ধ কফ সিরাপ ফেন্সিডিল, আটশো বিয়াল্লিশ বোতল নিষিদ্ধ স্কুপ কফ সিরাপ ও ষোলো কেজি তিনশো নব্বই গ্রাম গাঁজা। পুলিশ সূত্রে জানা গেছে বাড়ির মালিক জিয়ারুল হক এগুলো বাড়ির ভেতরে ঘরের মেঝে খুঁড়ে বাংকার তৈরী করে বস্তায় ভরে লুকিয়ে রেখেছিলো। পুলিশ জিয়ারুল হককে গ্রেপ্তার করে। মাথাভাঙ্গা মহকুমা পুলিশ আধিকারিক সমরেন হালদার জানান গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে পুলিশ একটি বাড়িতে এই অভিযান চালায় ও প্রচুর পরিমান নিষিদ্ধ কফ সিরাপ সহ গাঁজা উদ্ধার করে এবং বাড়ির মালিক জিয়ারুল হককে গ্রেপ্তার করে স্থানীয় বাসিন্দারা জানান ধৃত ব্যক্তি একজন টোটো চালক ও এলাকায় ভালো মানুষ হিসাবে পরিচিত। তার বাড়ি থেকে এসব নেশার সামগ্রী উদ্ধারের ঘটনায় তারা অবাক হয়েছেন। পুলিশের অনুমান ধৃত ব্যক্তি দীর্ঘদিন ধরে নেশার সামগ্রী পাচারের কাজে যুক্ত। নেশার সামগ্রী উদ্ধার ও বাড়ির মালিকের গ্রেপ্তারি পর্ব এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে। ধৃতের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে ধৃতকে আদালতে পেশ করা হয়েছে। পুলিশ পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL |
PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 |
CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |